কুষ্টিয়ায় মা-শিশু হত্যা মামলায় ৩ জনের মৃত্যুদণ্ড

কুষ্টিয়ার দৌলতপুরে মা ও শিশু হত্যা মামলায় তিন জনের মৃত্যুদণ্ড দিয়েছেন আদালত। একই সঙ্গে আসামীদের প্রত্যেকের ৫০ হাজার টাকা করে অর্থ দণ্ডাদেশ দেওয়া হয়।

আজ বুধবার (২০ নভেম্বর) দুপুরে কুষ্টিয়া অতিরিক্ত জেলা ও দায়রা জজ আদালত-১ এর বিচারক সোহানী পূষণ আসামীদের উপস্থিতিতে এ রায় দেন।

সাজার আদেশ প্রাপ্তরা হলেন- দৌলতপুর উপজেলার জোয়াদ্দার পাড়া গ্রামের বাসিন্দা সেকেন্দার মোল্লার ছেলে মো. হানিফ মোল্লা
(৩২) সোনাইকান্দি গ্রামের বাসিন্দা ইমরান হোসেন মন্ডলের ছেলে আলী আকবর (৩২) একই গ্রামের মৃত শহিদুল মন্ডলের ছেলে লালচাঁদ মন্ডল (৩২)। এরা সবাই পেশাদার চোর চক্রের সদস্য বলে তদন্ত প্রতিবেদনে উঠে এসেছে।

আদালত সূত্রে জানা যায়, ২০১৯ সালের ১৭ নভেম্বর রাতে বাড়িতে চুরি হওয়ার সময় গৃহবধূ ছানোয়ারা বেগমের ঘুম ভেঙ্গে যায়। এসময় চোররা গলায় মাফলার পেচিয়ে ফাঁস লাগিয়ে গৃহবধূকে হত্যা করে। মায়ের হত্যার দৃশ্য দেখে ফেলায় শিশু রাজকে (৮) গলায় গামছা পেচিয়ে শ্বাসরোধ করে হত্যা করে পালিয়ে যায়।

নিহত ছানোয়ারা বেগম দৌলতপুর উপজেলার সোনাইকান্দি গ্রামের মানিক মিয়ার স্ত্রী। নিহত শিশু রাজ (৮) মানিক মিয়ার ছেলে।

হত্যার ঘটনায় নিহতের মেয়ে উপজেলার শীতলাইপাড়া গ্রামের তৌহিদুল ইসলামের স্ত্রী মোছা. পারভীনা খাতুন বাদি হয়ে অজ্ঞাত আসামি করে মামলা দায়ের করেন। তদন্ত করে ২০১৯ সালের ১৭ ডিসেম্বর দৌলতপুর থানার পুলিশ পরিদর্শক নিশিকান্ত সরকার ৩ জনের বিরুদ্ধে চুরি সংগঠন ও হত্যাকাণ্ডে জড়িত অভিযোগ এনে আদালতে চার্জশীট দাখিল করেন।

কুষ্টিয়া জজ কোর্টের এপিপি অ্যাডভোকেট আবু সাইদ মোহাম্মদ ইলিয়াস রায়ের বিষয়টি নিশ্চিত করে জানান, আসামীরা আদালতে দেওয়া স্বীকারোক্তিমুলক জবানবন্দিতে ভিকটিমের বাড়িতে চুরি করতে গিয়ে

দেখে ফেলায় মা ও ছেলেকে হত্যা করেছে বলে জবানবন্দি দেয়। রাষ্ট্রপক্ষ সাক্ষ্য প্রমাণের ভিত্তিতে আসামিদের বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হওয়ায় তাদের উপস্থিতিতে মৃত্যুদণ্ডের রায় দেয়।